উপজেলা পরিষদ কার্যালয়
কুতুবদিয়া, কক্সবাজার
www.kutubdia.coxsbazar.gov.bd

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

## কুতুবদিয়া উপজেলা পরিষদের মে/২০২২মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া কক্সবাজার |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,কুতুবদিয়া। |
| তারিখ | : | ২৯.০৫.২০২২ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট'ক ও খ'-তে দ্রষ্টব্য। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতি ক্রমে পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নুরের জামান চৌধুরী গত ২৮এপ্রিল/২০২২ তারিখ অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যাবিবরণী পাঠ করে শুনান। বর্ণিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

সভার বিস্তারিত অলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিভাবে গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশলী অফিস:**<br>উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান যে জাইকার অর্থায়নে ৪র্থ পর্যায়ে (ক) আকবর আলী ঘাটে পাবলিক টয়লেট নির্মান কাজ সমাপ্ত হয়েছে। (খ) কুতুবদিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ডিজিটাল এক্সরে মেশিন ও হেভী ডিউটির জেনারেটর মেশিন সরবরাহ কাজের কার্যাদেশ ইস্যু প্রক্রিয়াধীন রয়েছে এবং (গ) গাউছিয়া আদর্শ দাখিল মাদ্রাসা উন্নয়ন কাজের অনুকূলে পুন: দরপত্র আহবান করা হয়েছে। | (ক-১) উত্তর ধুরুং ইউনিয়নের আকবর আলী ঘাটে পাবলিক টয়লেট নির্মান কাজের চুড়ান্ত বিল প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা বরাবর প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।<br>(ক-২) কুতুবদিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডিজিটাল এক্সরে মেশিন সরবরাহ কাজের অনুকূলে যথাযথ নিয়ম প্রতিপালন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কুতুবদিয়া এবং ইউডিএফ |
| | খ) চলতি ২০২১-২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর আওতায় প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে গৃহীত স্কীমের কাজ ১০০% সমাপ্ত হয়েছে মর্মে উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন। | খ) বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর আওতায় গৃহীত স্কীমের কাজ করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কুতুবদিয়া |
| | উপজেলা প্রকৌশলী আরো জানান, আনসার ব্যারাক এর কাজ সমাপ্ত হয়েছে এবং ম্যুরল এর কাজ চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন | নির্মানাধীন ম্যুরলের কাজ ১০০ভাগ বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কুতুবদিয়া |
| ০২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের অধীনে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) ও গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর) ২য় পর্যায়ে জেলা কর্ণধার কমিটি হতে অনুমোদন পাওয়া গিয়েছে। তিনি আরো জানান৩য় পর্যায়ের টিআর কর্মসূচীর আওতায় ৭,৮৩,৩৮১/৪৯ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে এবং এইচবিবি প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | গ্রামীন অবকাঠামো রাক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর ২য় পর্যায়ের তালিকা জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের কার্যালয় হতে অনুমোদন আনার বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিস:**<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। অত:পর তিনি মার্চ/২০২২ মাসের প্রতিবেদন নিম্নমতে সভায় উপস্থাপন করেন।<br>শিশুটিকা-৩৩২ এবং অর্জিত হার ৮৯%, পেন্টা ১ম ডোজ-৩৯৮, অর্জনের হার-১০৩%, ২য় ডোজ-৪১৬, অর্জিত হার-১১১%, ৩য় ডোজ-৪০৯, অর্জনের হার-১০৯%, হাম অর্জিত সংখ্যা-৪০৬, হার-১০৮%।<br>তিনি আরো জানান, বহি: বিভাগে পুরুষ-১১৮০জন, মহিলা-২০৩২জন, শিশু-১৫১০জনসহ সর্বমোট রোগী-৪৭২২জন। এছাড়াও অন্ত বিভাগে মোট রোগী-১৯৫৪ জনের মধ্যে পুরুষ-২৩৩জন, মহিলা-৮১৫জন,শিশু-৯০৪জন রোগী। তিনি বলেন জরুরী বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৯২৫জন। এর মধ্যে পুরুষ-২৮২জন, মহিলা-৩২৬জন,শিশু-৩১৭জন। শয্যা ব্যবহারের হার-১২৬% এবং হাসপাতালে মৃত রোগীর সংখ্যা-০০জন। তিনি প্রসবপূর্ব | ক) কোভিড-১৯ সংক্রমন রোধে টিকা কার্যক্রম সরকারী নির্দেশনা মতে ধারবাহিকভাবে অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়<br>খ) হাসপাতালের চিকিৎসা কার্যক্রম ও সেবার মান বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট চিকিৎসকদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | তিনি আরো জানান, কুতুবদিয়া হাসপাতালে মোবাইল সেবা দেয়া হয়েছে-৬২জন এবং মাইনর সার্জারী করা হয়েছে-২২০ জনকে। তিনি স্বাস্থ্য শিক্ষা কার্যক্রমের মধ্যে হাসপাতালে ৮টি সভা করা হয়েছে ০৮টি সভার মধ্যে পুরুষ-২৮২জন এবং মহিলা-৩১৩জন অংশগ্রহণ করেছেন মর্মে সভাকে অবহিত করেন।<br>তিনি আরো জানান কমিউনিটি ক্লিনিকে এ পর্যন্ত ৬৫৬২জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে।। এছাড়াও কোভিড-১৯ সংক্রমন রোধে ১৪/০৬/২০২২ তারিখ পর্যন্ত ১ম ডোজ-৯৪৩৩৪জন, ২য় ডোজ-৯০৫০৪জন এবং ৭৪৫৭জনকে ৩য় ডোজ টিকা প্রদান করা হয়েছে। | | |
| ৪ | **উপজেলা কৃষি অফিস:**<br>উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২০২২-২৩ মৌসুমে ১৮০০ হেক্টর আবাদের লক্ষ্যমাত্রা রয়েছে। তৎপ্রেক্ষিতে ৯০হেক্টর আউশ আবাদ অর্জিত হয়েছে। জুলাই/২০২২ খ্রি: মাসের ১০ থেকে ১৫ তারিখের মধ্যে আবাদ শুরু হবে মর্মে সভাকে অবহিত করেন।<br>২০২১-২২ খ্রি: মাসে উফশী আউশ আবাদের জন্য ৯০০জন এবং প্রান্তিক কৃষক/কৃষাণীর মধ্যে আউশ প্রণোদনা বিতরণ করা হয়েছে মর্মে সভাকে জানান। এই প্রণোদনার মধ্যে প্রতিজন কৃষক/কৃষাণীর মধ্যে ৫কেজী বীজ ধান ২০কেজি ডিএপি সার এবং ১০ কেজি এমওপি সার মর্মে সভাকে জানান।<br>গ্রীষ্মকালীন শাকসব্জীর আবাদ স্বভাবিক এবং সারের মজুদ পরিস্থিতি স্বাভাবিক মর্মে সভাকে অবহিত করেন। তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান মর্মে তিনি সভাকে জানান | জমিতে পোকামাকড়/রোগ বালাই রোধে ও সার ব্যবস্থাপনা এবং জমিতে সেচ কার্যক্রম নিয়মিত মাঠ পর্যায়ে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | **উপজেলা মৎস্য অফিস:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অংশ নিয়ে জানান যে, ২০মে হতে ৩০জুলাই পর্যন্ত মোট ৬৫ দিন বঙ্গোপসাগর এবং উপকূলীয় এলাকায় সকল প্রকার যান্ত্রিক, অযান্ত্রিক নৌযান, ফিশিং বোট দ্বারা সকল প্রকার মাছ, চিংড়ী ও ক্রাষ্টাশিয়ান আহরন সম্পূর্ণরুপে বন্ধে জেলেদের অবহিত করা হয়েছে এবং এ বিষয়ে সকল প্রকার কার্যক্রম অব্যাহত রয়েছে। এই নিষিদ্ধকালীন সময়ে জেলেদের জন্য খাদ্য  সহায়তা কর্মসূচীর আওতায় ২০মে হতে ৩০জুন ২০২২ পর্যন্ত মোট ৪২ দিনের জন্য বরাদ্দপ্রাপ্ত ভিজিএফ ১ম কিস্তির ৫৬ কেজি হারে ১০৯৫৯ টি জেলে কার্ডের বিপরীতে মোট ৬১৩.৭০৪ মে:টন চাল ০৬ টি ইউনিয়নের জেলেদের মধ্যে বিতরন সম্পন্ন হয়েছে। এ বিষয়ে তিনি সভায় বিস্তারিত আলোচনা করেন। তিনি আরো জানান তাঁর দপ্তরের জনবলের তুলনায় কক্ষ সংকুলান না হওয়ায় উপজেলা পরিষদের বাইরে ভবন নিয়ে কার্যক্রম পরিচালনা করছেন। | ২০মে হতে ৩০জুলাই পর্যন্ত সকল প্রকার মৎস্য আহরন বন্ধে জেলেদের অবহিত করা হয়েছে এবং এ বিষয়ে অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা |
| ৬ | **উপজেলা প্রাণী সম্পদ অধিদপ্তর**<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় অংশ নিয়ে জানান যে, মে, ২০২২ ঈদ উল আযহা উপলক্ষ্যে কোরবানীর হাটে গবাদী পশুর হাট মনিটরিং করার জন্য দু'টি ভেটেরিনারি মেডিকেল টিম গঠন করা হয়েছে। গঠিত টিম দু'টি গবাদি পশু নিয়ে আসা খামারীদের সহযোগিতা করার জন্য সার্বক্ষণিক নিয়োজিত থাকবেন। উক্ত দপ্তরের প্রতিনিধি কোরবানীর পশুর বাজার মনিটরিং করার নিমিত্ত মেডিক্যাল টিম দু'টির জন্য বসার একটি নির্দিষ্ট আসনের ব্যবস্থা করার জন্য সভাপতির মাধ্যমে বাজার ইজারাদারের সহযোগিতা কামনা করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ক) চিকিৎসার জন্য আনীত গবাদী পশুর চিকিৎসা কার্যক্রম ধারবাহিকভাবে অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়<br>খ) কোরবানীর পশুর বাজার মনিটরিং করার নিমিত্ত মেডিক্যাল টিম দু'টির জন্য বসার একটি নির্দিষ্ট আসনের ব্যবস্থা করার বিষয়ে সংশ্লিষ্ট বাজার ইজারাদার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন | ক) উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা<br>খ) সংশ্লিষ্ট বাজার ইজারাদার |
| ৭ | **উপজেলা সমাজসেবা অফিস:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় অংশ নিয়ে জানান যে, ২০২১-২২ অর্থবছরে ৪র্থ কিস্তিতে এপ্রিল/২০২২ হতে জুন/২০২২ পর্যন্ত বিধবা ভাতা, প্রতিবিন্ধী ভাতার অর্থসহ স্ব স্ব ভাতাভোগীর নগদ মোবাইল নাম্বারে ইতোমধ্যে জমা হয়ে গিয়েছে। যদি কোন ভাতাভোগী ভাতার অর্থ না পেয়ে থাকলে তাদেরকে সমাজসেবা অফিসে মোবাইল নম্বর এবং আইডি কার্ড সহকারে সমাজসেবা অফিসে যোগাযোগ করার জন্য অবহিত করার বিষয়ে চেয়ারম্যান ইউপি সকলকে অনুরোধ জানানো হয়। পাশপাশি মৃত ভাতাভোগী দ্রুত প্রতিস্থাপনের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভিন্ন ভাতা কার্যক্রম ১০০% ভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৮ | **উপজেলা শিক্ষা অফিস:**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তিনি বর্তমান মাসে ০৫টি এবং সহকারী শিক্ষা অফিসার কর্তৃক ১০টি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে। তিনি বলেন জাতীয় শিশু পুরষকার প্রতিযোগিতা | প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | জাকজমকপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। আন্ত: প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা যথানিয়মে অনুষ্ঠিত হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। বিদ্যালয়ের শ্রেণী পাঠদান কার্যক্রম পুরোপুরিভাবে চলমান রয়েছে মর্মে তিনি সভাকে জানান। জাতীয় ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে নিয়োজিত শিক্ষকগণের উপর অর্পিত দায়িত্ব যথানিয়মে সগহযোগিতা করা হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। তিনি আরো জানান বিদ্যালয় পর্যায়ে স্টুডেন্ট কাউন্সিল গঠন করা হয়েছে। এছাড়াও তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ৯ | **(ক) উপজেলা পরিবার পরিকল্পনা অফিস:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি সভায় অংশ নিয়ে এপ্রিল/২০২২ মাসের দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি সভায় নিম্নমতে উপস্থাপন করেন।<br>ক) মোট সক্ষম দম্পতি-২৪৬০৫জন (খ) মোট পদ্ধতি গ্রহীতা-১৯৪২৫জন (গ)সিএআর-৭৮.২৫% (ঘ) নিবন্ধিত মোট গর্ভবতীর সংখ্যা-১৩১২জন (ঙ) পদ্ধতিভিত্তিক জন্ম নিয়ন্ত্রন গ্রহণকারীর মধ্যে (১) খাবার বড়ি-৭৮৮৯জন (২) কনডম-৮৭০৮জন (৩) ইনজেকশন-৬৭৯৮জন (৪) আইইউডি-৩৩৭জন এবং চলতি মাসে নতুন গ্রহীতা-৩৯জন (৫)ইমপ্ল্যান্ট-২৪২৬জন চলতিম মাসে নতুন গ্রহীতা-০০জন (৬) স্থায়ী পদ্ধতি (পুরুষ)-৫৬৪জন চলতিমাসে নতুন গ্রহীতা-৫৬৪জন (৭) স্থায়ী পদ্ধতি (মহিলা)-৯৮৬জন চলতিমাসে নতুন গ্রহীতা-৯৯৮জন।<br>তিনি আরো জানান, মার্চ মাসে সাধারন-২৯১২জন রোগীর মধ্যে পুরুষ-১৮২০জন এবং মহিলা-৮৯৫জনকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও গর্ভকালীন-১৮৭৬জন, গর্ভোত্তর-৯৯৮জনকে সেবা প্রদান করা হয়েছে এবং নবজাতক জন্মের সংখ্যা ২০১জনের মধ্যে প্রশিক্ষণ প্রাপ্ত দ্বারা-১০৭ এবং প্রশিক্ষণহীন ৬৪টি।<br>তিনি আরো জানান মার্চ মাসে সর্বমোট ২০৯৮টি শিশুসেবা প্রদান করা হয়েছে এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে স্বাভাবিক প্রসব সংখ্যা-৯৮টি মর্মে সভাকে অবহিত করেন।<br>(খ) পরিবার পরিকল্পনা বিভাগের স্থায়ী ও দীর্ঘ মেয়াদী কার্যক্রমে ব্যবহৃত ৩টি কক্ষটি স্বাস্থ্য বিভাগ কর্তৃক সম্প্রতি ভেঙ্গে ফেলার কারনে বিভাগীয় কার্যক্রম পরিচালনায় বিঘ্ন হচ্ছে বিধায় বিষয়টি সভার দৃষ্টি আকর্ষণ করেন।<br>(গ) উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের যাতায়াতের রাস্তায় দেওয়াল ও লকার সিস্টেম গেইট নির্মান করায় অত্র কার্যালয়ের যাতায়াতে সমস্য সৃষ্টি হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। বিষয়টি তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য সেবা কার্যক্রমের গতি বাড়ানো লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্য কর্মীদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানসহ নিয়মিত পরিদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১০ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস :** অনুপস্থিত | সভায় নিয়মিত উপস্থিতি থেকে দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির বিষয় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১১ | **উপজেলা সমবায় অফিস :**<br>উপজেলা সমবায় অফিসার, কুতুবদিয়া সভায় তাঁর দাপ্তরিক অগ্রগতির বিষয় নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।<br>ক) সমিতি সংক্রান্ত তথ্য :<br>১) মোট বিভাগীয় সমিতির সংখ্যা : ১৩০টি<br>২) কার্যকর সমিতির সংখ্যা: ৫৭টি<br>৩) বর্তমান মাসে অডিট সম্পাদন : ০৬টি<br>৪) আশ্রয়ন প্রকল্পের সংখ্যা: ০৬টি<br>৫) আশ্রয়ন প্রকল্পে পুনর্বাসিত পরিবার সংখ্যা: ১১০টি<br>৬) ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ : ৪২২২০০০ টাকা<br>৭) ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় : ৩২২৭৮০৫টাকা<br>৮) বর্তমান মাসে ঋণ আদায়: ১৫৬৬০টাকা<br>৯) আশ্রয়ন-২ প্রকল্পের সংখ্যা: ০১টি<br>১০) ব্যারাক সংখ্যা : ০৬টি<br>১১) পুনর্বাসিত পরিবার সংখ্যা : ৩০টি<br>১২) ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ : ৮৭০০০০টাকা<br>১৩) ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় : ৫৮৮৬১৪টাকা<br>১৪) বর্তমান মাসে ঋণ আদায় : ৫৩০০টাকা<br>১৫) আশ্রয়ন প্রকল্প পরিদর্শন : ০১টি<br>১৬) সমিতি পরিদর্শন : ০৪টি | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় অফিসার, কুতুবদিয়া |
| ১২ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় অংশ নিয়ে জানান যে, ২০২০- | ১) চলমান প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ত্য | (১ এবং ২) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ২১ অর্থবছরে ১৫৬টি টিউবওয়েল বরাদ্দ পাওয়া যায়। তার মধ্যে এ পর্যন্ত ১১৮টি'র কাজ সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট ৩৮টি'র কাজ প্রক্রিয়াধীন রয়েছে। তিনি আরো জানান, মাল্টি সেক্টর প্রকল্পের আওতায় গ্রামীন পাইপড ওয়াটার সাপ্লাই এর ০৪টি স্কীম এর মধ্যে দুইটি স্কীম সিলেক্ট করা হয়েছে এবং ০১টি'র কাজ ইতোমধ্যে শেষ হয়েছে এবং অপরটি চলমান রয়েছে। এছাড়াও মাল্টি সেক্টর প্রকল্পের আওতায় খানা ভিত্তিক ল্যাট্রিন কাজ চলমান রয়েছে এর মধ্যে উত্তর ধুরুং ইউনিয়নে প্রায় ৭০টি'র মত।<br>উপ-সহকারী প্রকৌশলী( জনস্বাস্থ্য ) আরো জানান তাঁর অধিদপ্তরের দু'টি পরিত্যক্ত ভবন রয়েছে। যা ব্যবহার অনুপযোগী। যেকোন মুহূর্তে ভেঙ্গে পড়ার আশংকা থাকায় ভবন দু'টি পরিত্যক্ত ঘোষনা করার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | ২) জরাজীর্ন ভবন দুটির বিষেয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণে বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | |
| ১৩ | <u>**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস:**</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় অংশ নিয়ে জানান যে, মাধ্যামিক স্কুল পর্যায়ে ৬ষ্ট থেকে ১০ম শ্রেণী পর্যন্ত ৪৪৩২৮টি আয়রন ট্যাবলেট বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়াও তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। | মাধ্যমিক বিকদ্যালয় সমুহের পাঠ কর্মসূচী নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৪ | <u>**রেঞ্জ অফিস:**</u><br>রেঞ্জ কর্মকর্তা সভায় অংশ নিয়ে জানান যে, কুতুবদিয়া উপজেলাকে বিদ্যুতায়নের লক্ষ্যে বৃক্ষ কর্তন কর্মসূচী অব্যাহত রয়েছে। তবে সেক্ষেত্রে কর্তনযোগ্য বৃক্ষ কর্তন এবং ছাটাইযোগ্য বৃক্ষ ছাটাই করার বিষয়ে সংশ্লিষ্টদের দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে মনিটরিং অব্যাহত আছে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া তাঁর দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে অব্যাহত আছে মর্মে সভাকে জানান। | কর্তনযোগ্য বৃক্ষ কর্তন এবং ছাটাইযোগ্য বৃক্ষ ছাটাই করার বিষয়ে সংশ্লিষ্টদের দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়ে মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | রেঞ্জ কর্মকর্তা |
| ১৫ | <u>**উপজেলা মহিলা বিষয়ক অফিস:**</u><br>অনুপস্থিত | সভায় নিয়মিত উপস্তিতি থেকে দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির বিষয় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬ | <u>**উপজেলা যুব উন্নয়ন অফিস:**</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তাঁর দপ্তরের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম এবং ঋণের কিস্তি আদায়ের প্রতিবেদন প্রত্যেক মাসিক সভায় দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৭ | <u>**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস:**</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ভিজিএফ কর্মসূচীর মৎস্য খাতের বরাদ্দপত্র প্রাপ্তি সাপেক্ষে বিতরণ সম্ভব হবে। তিনি অআরো জানান পর্যাপ্ত খাদ্য শষ্য গুদামে মজুদ আছে। ভিজিডি কর্মসূচীর খাদ্যশষ্য বিতরণের আরো ২দিন অবশিষ্ট আছে ,মর্মে তিনি সভাকে অবহিত করেন। তিনি ভিজিডি কর্মসূচীর মে/২০২২ মাসের চাল ইউপি চেয়ারম্যানের মাধমে উত্তোলিত হবে মর্মে সভাকে জানান। বোরো ধান সংগ্রহ কার্যক্রম চলমান অআছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে মর্মে তিনি সভায় জানান। | খাদ্য শষ্য পরিবহনের সুবিধার্থে এলজিইডি'র রাস্তা মেরামতের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকৌশলী |
| ১৮ | <u>**বিদ্যুৎ উন্নয়ন বোর্ড :**</u><br>আবাসিক প্রকৌশলী (বিউবো), কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায় নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয় | আবাসিক প্রকৌশলী (বিউবো), কুতুবদিয়া |
| ১৯ | <u>**বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) :**</u><br>উপ-বিভাগীয় প্রকৌশলী,(বাপাউবো) কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায় নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয় | উপ-বিভাগীয় প্রকৌশলী,(বাপাউবো) কুতুবদিয়া |
| ২০ | <u>**পল্লী সঞ্চয় ব্যাংক:**</u><br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় অংশ নিয়ে জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরো জানান, বর্তমান মাস পর্যন্ত ৫৮লক্ষ ৪০ হাজার টাকা আদায় এবং ৪৮লক্ষ ৬৫ হাজার টাকার বিতরণ করা হয়েছে। | ঋণ বিতরণ এবং আদায়ের ধারা আব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১ | <u>**তথ্য আপা প্রকল্প:**</u><br>তথ্য আপা কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। এছাড়াও মে, ২০২২ মাসে তথ্য সেবা কর্মকর্তা কর্তৃক ২০০জন এবং তথ্যসেবা সহকারী কর্তৃক ৩৫০জন সেবাগ্রহীতাদের সেবা প্রদানের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরো জানান মে, ২০২২ মাসে ০৪টি উঠোন বৈঠক সম্পাদিত হয়েছে মর্মে সভাকে জানান। এছাড়া বিভিন্ন ধরনের সচেতনতামুলক প্রচার প্রচারণা চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রম এবং উঠোন নিয়মিত করণসহ বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে উঠোন বৈঠক করার বিষয়ে সংশ্লিষ্টদের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২২ | **পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ):**<br>অনুপস্থিত | শেয়ার, সঞ্চয়, ঋণ বিতরণ এবং আদায় সংক্রান্ত তথ্য প্রতিটি মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পজীপ কর্মকর্তা |
| ২৩ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। তিনি আরো জানান গত ২৬/০৫/২০২২ খ্রি: তারিখ উপজেলার আনসার সমাবেশ/২০২২ সফলভাবে সম্পন্ন করা হয়েছে। উক্ত সমাবেশে অতিথি বৃন্দদের ক্রেষ্ট প্রদান এবং ০৩ভিডিপি দলনেতাকে সেবামূলক কার্যক্রমের পুরষ্কার স্বরূপ প্রতিজনকে একটি করে সাইকেল প্রদান করা হয়েছে। উক্ত সমাবেশে ২০০জন আনসার ভিডিপি সদস্য উপস্থিত ছিল এবং উপস্থিত সকলকে ৪৫০/- টাকা হারে সম্মানীভাতা প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্টদের দিকনির্দেশনা দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২৪ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:**<br>ইউডিএফ জামাল সভায় অংশ নিয়ে জানান যে, ২য় পর্যায়ে নির্মনাধীন অবকাঠামোর কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। ৪র্থ ও ৫ম পর্যায়সহ অন্যান্য উন্নয়ন প্রকল্পের কাজ যথানিয়মে চলমান আছে। এছাড়াও গঠিত ১৭টি কমিটির কার্যক্রম সুচারুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটির সকল সদ্যদের সভাপতির মাধ্যমে অনুরোধ জানান। | চলমান প্রকল্পের কাজ শতভাগ বাস্তবায়ন এবং গঠিত কমিটির সভা নিয়মিতকরতঃ কার্যবিবরণী প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় | সংশ্লিষ্ট ঠিকাদার এবং এউডিএফ জামাল |
| ২৫ | **ক) উপজেলা পরিষদ:**<br>উপজেলা পরিষদের গঠিত ১৭টি কমিটি বিগত সভায় অনুমোদন দেয়া হয় এবং গঠিত কমিটির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে গঠিত ১৭টি কমিটির কার্যক্রম সুচারুভাবে সম্পাদন করার লক্ষ্যে ১৭টি কমিটির সকল সদস্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন | সংশ্লিষ্ট সকল কমিটির সদস্য |
| | খ) বাসা বরাদ্দ/বাসা ভাড়া আদায়<br>উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন আবাসিক কোয়ার্টার ও ডরমেটরী ভবনের ভাড়া নিয়মিত আদায় এবং বরাদ্দছাড়া কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ প্রদানসহ বকেয়া ভাড়া আদায়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় | আবাসিক কোয়ার্টার ও ডরমেটরী ভবনের ভাড়া নিয়মিত আদায় এবং বরাদ্দছাড়া কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ প্রদানসহ বকেয়া ভাড়া আদায়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ২৬ | **উন্মুক্ত আলোচনা:**<br>১) জনাব আব্দুল হালিম, চেয়ারম্যান উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তাঁর ইউনিয়নের মিয়ারপাড়া এলাকার সড়কের টেন্ডার হয়েছে। কিন্তু কাজ এখনো শুরু হয়নি। বর্ষা মৌসুমের পূর্বে কাজ সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি মিয়ারপাড়া এলাকার বেড়িবাঁধ বর্ষামৌসুমে ভেঙে যাওয়ার আশংকা থাকায় মেরামতের বিষয়ে সভাপতির মাধ্যমে পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করেন।<br>২) জনাব মোঃ আজমগীর মাতবর, চেয়ারম্যান কৈয়ারবিল ইউপি সভায় অংশ নিয়ে জানান যে, তাঁর ইউনিয়নে শ্যালো টিউবয়েল স্থাপনের নিমিত্ত জামানত হিসেবে ১৬০০০/- টাকা প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি টিউবওয়েল স্থাপন করা হয়নি। এ বিষয়ে তিনি সভাপতির মাধ্যমে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য ) এর দৃষ্টি আকর্ষণ করেন।<br>৩) জনাব আবুল কালাম, চেয়ারম্যান বড়ঘোপ ইউপি জানান যে, জেলে সম্প্রদায়ের বিগত সময়ে প্রণীত তালিকাটি প্রণীত হয় তা অসামঞ্জস্যপূর্ণ এবং অনিয়ম হয়েছে। এ বিষয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন এবং এ বিষেয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরেকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের নিমিত্ত সভার সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br>৪) জনাব মো: জাহাঙ্গীর আলম সিকদার, চেয়ারম্যান, আলী আকবর ডেইল সভায় বর্ষা মৌসুমের পূর্বে বেড়িবাঁধ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। এছাড়া সমাজসেবা দপ্তরের বিভিন্ন ভাতা কার্যক্রমে যারা ভাতা থেকে বাদ পড়েছে তাদেরকে তালিকাভুক্ত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। এছাড়া তাঁর ইউনিয়নের জরাজীর্ণ কমিউনিটি ক্লিনিক এবং ক্লিনিক সংলগ্ন রাস্তা মেরামতের বিষয়ে সভাপতির মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>৫) উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, সভায় আলোচিত বিষয়ে গৃহিত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তাবায়ন করে প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১) মিয়ারপাড়া এলাকার সড়কের টেন্ডারকৃত রাস্তার কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) মিয়ারপাড়া এলাকার বেড়িবাঁধ আসন্ন বর্ষা মৌসুমে পূর্বে মেরামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়<br>৩) শ্যালো টিউবয়েল স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়<br>৪) জেলে সম্প্রদায়ের প্রণীত তালিকা পুন: যাচাইয়ের সিদ্ধান্ত গৃহীত হয়<br>৫) আলী আকবর ডেইল সভায় বর্ষা মৌসুমের পূর্বে মেরামতের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়<br>৬) বাদ পড়ে যাওয়া বিভিন্ন ভাতাভোগীরদের ভাতা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা প্রকৌশলী<br>২)উপ-বিভাগীয় পানি উন্নয়ন বোর্ড<br>৩) উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য<br>৪) উপাজেলা মৎস্য কর্মকর্তা<br>৫) উপ-বিভাগীয় পানি উন্নয়ন বোর্ড<br>৬) উপজেলা সমাজসেবা |
| ২৭ | উপজেলা নির্বাহী অফিসার জানান, কুতুবদিয়া উপজেলা একটি দ্বীপ উপজেলা হওয়ায় লোডিং আনলোডিং এর ব্যয় এবং মালামালের মুল্য বৃদ্ধি | ১) কারিগরি মাতমত দাখিলের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত | ১) উপজেলা প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | পাওয়ায় গৃহ নির্মান এবং জনস্বাস্থ্য অধিদপ্তর ও প্রকৌশলী অফিস কুতুবদিয়া এর মাধ্যমে গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ব্যয় অন্যান্য উপজেলার তুলনায় বেশী হয়। তাই তিনি এ বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সুবিধার্থে কারিগরি মতামত দাখিলের নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>এছাড়া তিনি সকল দপ্তরের কার্যক্রম মাসিক সভায় তুলে ধরাসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের আবশ্যিকভাবে উপস্থিত থাকার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও কোন কর্মকর্তা, ছুটিতে বা কর্মস্থল ত্যাগ করলে তা পরিষদকে অবহিত করার বিষয়ে সকল কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়। এ বিষয়ে উপস্থিত সকলে একমোত পোষন করেন। | হয়<br><br>২) প্রত্যেক মাসের মাসিক সভায় নিয়মিত উপস্থিতিসহ দপ্তর ভিত্তিক উন্নয়ন কর্মকান্ডের প্রতিবেদন প্রতিমাসের মাসিক সভা অনুষ্ঠানের ২দিন পূর্বে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয় | (জনস্বাস্থ্য) এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন, কর্মকর্তা<br><br>২) সংশ্লিষ্ট সকল দপ্তর |

সভায় আরো কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন

( মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কুতুবদিয়া, কক্সবাজার

স্মারক নং:৪৬.৪২.২২৪৫.০০০.০৬.০০১.২০২২-

তারিখ:-২৯/০৫/২০২২খ্রি:।

**অনুলিপি : সদয় অবগতির জন্য:**

০১। মাননীয় সংসদ সদস্য-২৯৫, কক্সবাজার-২, সংসদীয় আসন, কক্সাবাজার
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার
০২। সহকারী কমিশনার (ভূমি), কুতুবদিয়া, কক্সবাজার
০৩। জনাব হুমায়ুন কবির হায়দার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
০৪। জনাবা হাছিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
০৫। চেয়ারম্যান.......................(সকল), ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার
০৬। উপজেলা ..................................কর্মকর্তা, কুতুবদিয়া, কক্সবাজার
০৭। সংরক্ষিত মহিলা সদস্য, আসন-১/আসন-২, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার
০৮। জনাব..................................কুতুবদিয়া, কক্সবাজার
০৯। অফিস কপি।

(মোঃ নুরের জামান চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুতুবদিয়া, কক্সবাজার

CS CamScanner

সভার তারিখঃ ২৭/০১/২০২২; ২৮/০২/২০২২; ২৮/০৩/২০২২; ২৮/০৪/২০২২; ২৯/০৫/২০২২;
২৮/০৬/২০২২; ৩১/০৭/২০২২; ৩১/০৮/২০২২; ২৯/০৯/২০২২

মাসিক সভার হাজিরা রেজিষ্টার

১১৮

| ক্রম | নাম ও পদবী | স্বাঃ/তারিখ 27/01/22 | স্বাঃ/তারিখ 28/02/22 | স্বাঃ/তারিখ 28/03/22 | স্বাঃ/তারিখ 28/04/22 | স্বাঃ/তারিখ 29/05/22 | স্বাঃ/তারিখ 28/06/22 | স্বাঃ/তারিখ 31/07/22 | স্বাঃ/তারিখ 31/08/22 | স্বাঃ/তারিখ 29/09/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | X | [signature] | [signature] | [signature] |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৩. | চেয়ারম্যান, উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৪. | চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫. | চেয়ারম্যান, লেমশীখালী ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬. | চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭. | চেয়ারম্যান, বড়ঘোপ ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮. | চেয়ারম্যান, আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |

মাসিক সভার হাজিরা রেজিষ্টার

১১৯

| ক্রম | নাম ও পদবী | স্বাঃ/তারিখ 27/01/22 | স্বাঃ/তারিখ 28/02/22 | স্বাঃ/তারিখ 28/03/22 | স্বাঃ/তারিখ 28/04/22 | স্বাঃ/তারিখ 29/05/22 | স্বাঃ/তারিখ 28/06/22 | স্বাঃ/তারিখ 31/07/22 | স্বাঃ/তারিখ 31/08/22 | স্বাঃ/তারিখ 29/09/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | X | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] 31.08.22 | [signature] |
| ০৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |

সভার তারিখঃ ২৭/০১/২০২২; ২৮/০২/২০২২; ২৮/০৩/২০২২; ২৮/০৪/২০২২; ২৯/০৫/২০২২; ২৮/০৬/২০২২; ৩১/০৭/২০২২; ৩১/০৮/২০২২; ২৯/০৯/২০২২

